সমকাল

তারিখ ...22 JAN 2016...
পৃঃ ...৪... কলাম ...2......

# শিক্ষা মন্ত্রণালয়ে ছাত্রফ্রন্টের স্মারকলিপি

■ বিশ্ববিদ্যালয় প্রতিবেদক

২০১৬ সালের মধ্যে প্রাথমিক শিক্ষা সমাপনী (পিএসসি) ও জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) পরীক্ষা বাতিল এবং সারাদেশের স্কুলগুলোতে অস্বাভাবিক হারে বেতন বৃদ্ধি রোধের দাবিতে শিক্ষামন্ত্রীকে স্মারকলিপি দিয়েছে সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্ট।

ছাত্রফ্রন্টের ৩২তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে গতকাল বৃহস্পতিবার সকালে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অপরাজেয় বাংলার সামনে. সমাবেশ শেষে নেতৃবৃন্দ শিক্ষা মন্ত্রণালয়ে গিয়ে স্মারকলিপি দেন। স্মারকলিপি জমা দিতে গেলে সচিবালয়ের সামনে পুলিশের বাধার মুখে পড়েন ছাত্রফ্রন্টের নেতাকর্মীরা। পরে একটি প্রতিনিধি দল শিক্ষা মন্ত্রণালয়ে স্মারকলিপি প্রদান করে। সমাবেশে বক্তব্য রাখেন ছাত্রফ্রন্ট সভাপতি সাইফুজ্জামান সাকন, দপ্তর সম্পাদক শরীফুল চৌধুরী, অর্থ সম্পাদক মলয় সরকার, সদস্য নাঈমা খালেদ মনিকা ও মাসুদ রানা। সমাবেশে বক্তারা অবিলম্বে স্কুলগুলোতে বাড়তি ফি আদায় বন্ধ এবং বেসরকারি স্কুলে ২৫ শতাংশ পর্যন্ত ফি বৃদ্ধির সরকারি অনুমোদন বাতিল করার দাবি জানান।